গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
প্রশাসন-১ শাখা
www.mofl.gov.bd

মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় ও আওতাধীন দপ্তর/সংস্থার সরকারি কর্মসম্পাদন পরিবীক্ষণ পদ্ধতি (জিপিএমএস) এর ২০২৬-২৭ অর্থবছরের সেকশন-১ ও সেকশন-২ এবং সকল সংযোজনী বিষয়ে পর্যালোচনা সভার কার্যবিবরণী:

সভাপতি	: মোঃ সাইফুল ইসলাম যুগ্মসচিব (প্রশাসন) ও জিপিএমএস টিম লিডার, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
সভার তারিখ	: ১৭ সেপ্টেম্বর ২০২৬
সময়	: সকাল ১০.৩০ ঘটিকা।
সভার স্থান	: সম্মেলন কক্ষ, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় ও অনলাইন প্ল্যাটফর্ম।
উপস্থিতি	: সভায় উপস্থিত সদস্যদের তালিকা: পরিশিষ্ট-"ক"

সভাপতি উপস্থিত ও অনলাইন প্ল্যাটফর্ম (জুম)-এস সংযুক্ত সম্মানিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভা আরম্ভ করেন। সভায় মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় কর্তৃক মন্ত্রিপরিষদ বিভাগে জিপিএমএস সফটওয়্যারে দাখিলকৃত সেকশন-১ ও সেকশন-২ এবং সকল সংযোজনী বিষয়ে আলোচনা হয়। বিশেষভাবে সেকশন-২ এর কার্যক্রম লক্ষ্যমাত্র অনুযায়ী বাস্তবায়নের জন্য সকল কর্মকর্তা ও অনলাইনে সংযুক্ত দপ্তর/সংস্থার প্রতিনিধিগণকে নির্দেশনা প্রদান করা হয়। এবং এ মন্ত্রণালয়ের মাসিক সমন্বয় সভায় জিপিএমএস অগ্রাধিকার ভিত্তিতে আলোচনা করা এছাড়াও কর্মসম্পাদন ক্ষেত্রের ১. সেবা প্রদান, ২. নীতি ও সংস্কার কার্যক্রম, ৩. প্রতিষ্ঠানিক সক্ষমতা ও দক্ষতা এবং ৪. উন্নয়ন সংশ্লিষ্ট ও অন্যান্য কার্যক্রম বাস্তবায়নের নিমিত্ত এ মন্ত্রণালয়ের সকল অনুবিভাগ ও সংশ্লিষ্ট শাখা/অধিশাখায় পত্র দেওয়ার বিষয়ে আলোচনা হয়। দপ্তর/সংস্থার সংশ্লিষ্ট বিষয় বাস্তবায়নে কার্যক্রম গ্রহণে তাদের মতামত তুলে ধরেন এবং স্ব-স্ব দপ্তর /সংস্থা তাদের নিজস্ব বিষয় নিয়ে আলোচনা করেন।

০২। সভায় বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

(ক) এ মন্ত্রণালয় কর্তৃক মন্ত্রিপরিষদ বিভাগের জিপিএমএস সফটওয়্যারে দাখিলকৃত সেকশন-২ এর বাস্তবায়ন বিষয়ে এ মন্ত্রণালয়ের অভ্যন্তরীণ মাসিক সমন্বয় সভায় অগ্রাধিকার ভিত্তিতে আলোচনা করা;
(খ) কর্মসম্পাদন ক্ষেত্র-১ সেবা প্রদান এর কার্যক্রমসমূহ বাস্তবায়নের নিমিত্ত সংশ্লিষ্ট শাখা/অধিশাখা এবং দপ্তর/সংস্থায় পত্র দেওয়া;
(গ) কর্মসম্পাদন ক্ষেত্র-২ নীতি ও সংস্কার এর কার্যক্রমসমূহ বাস্তবায়নের বিষয়ে এ মন্ত্রণালয়ের সকল অনুবিভাগ প্রধানগণকে এবং সংশ্লিষ্ট শাখা/অধিশাখায় পত্র দেওয়া;
(গ) কর্মসম্পাদন ক্ষেত্র-৩ প্রাতিষ্ঠানিক সক্ষমতা ও দক্ষতা এর কার্যক্রমসমূহ বাস্তবায়নের বিষয়ে এ মন্ত্রণালয়ের প্রশাসন-৩ শাখায় পত্র দেওয়া;

(ঘ) কর্মসম্পাদন ক্ষেত্র-৪ উন্নয়ন সংশ্লিষ্ট ও অন্যান্য কার্যক্রমসমূহ বাস্তবায়নের বিষয়ে এ মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট শাখা/অধিশাখা-কে পত্র দেওয়া; এবং

(ঙ) সংশ্লিষ্ট প্রকল্পের কার্যক্রম বাস্তবায়ন অগ্রগতি মনিটরিং ও পরিদর্শন এ মন্ত্রণালয়ের জিপিএমএস টিমের সদস্যগণকে সম্পৃক্ত করতে হবে।

০৩। পরিশেষে আর কোন বিষয় না থাকায় সভাপতি সভায় সক্রিয় অংশগ্রহণের জন্য সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

১৭/০৯/২৫

(মোঃ সাইফুল ইসলাম)
যুগ্মসচিব (প্রশাসন)
ও
জিপিএমএস টিম লিডার
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়

নং-৩৩.০০.০০০০.০০০.১৪৬.১৬.০০০৭.২৫-১৫৪

তারিখ: ১৭ সেপ্টেম্বর ২০২৫ / ০২ আশ্বিন ১৪৩৩

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. অতিরিক্ত সচিব (সকল), মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়।
২. অধিদপ্তর/দপ্তর/সংস্থা (সকল)।
৩. যুগ্মসচিব (সকল), মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়।
৪. উপসচিব (সকল), মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়।
৫. সিনিয়র সহকারী সচিব (সকল), মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়।
৬. সচিবের একান্ত সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৭. সিস্টেম এনালিস্ট, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়।
৮. অফিস কপি।

Rahman
১৭/০৯/২০২৫

(এ, বি, এম, সাদিকুর রহমান)
উপসচিব
ফোন: ৫৫১০০৪৩৮
ই-মেইল: administration-1@mofl.gov.bd